



আলিফ ইন্টারন্যাশনাল মাদ্রাসা

ALIF INTERNATIONAL MADRASAH

ডায়াবেটিস হাসপাতাল মোড়, ১নং উপশহর, সদর, দিনাজপুর।

সূত্র: ভর্তি-২০২৬/নোটিশ নং-২৯/২০২৫

তারিখ: ৩০/১০/২০২৫

ভর্তি বিজ্ঞপ্তি-২০২৬ শিক্ষাবর্ষ

সম্মানিত সুধী ও অভিভাবকবৃন্দ,
আসসালামু আলাইকুম।

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, দ্বীনি শিক্ষার অনন্য শিক্ষা প্রতিষ্ঠান 'আলিফ ইন্টারন্যাশনাল মাদ্রাসা'-তে ২০২৬ শিক্ষাবর্ষে ইবতেদায়ী শাখায় প্লে থেকে ৫ম শ্রেণি এবং দাখিল শাখায় ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে আবাসিক, অনাবাসিক, আবাসিক হিফজ, অনাবাসিক হিফজ এবং ডে কেয়ার-এ নতুন শিক্ষার্থী ভর্তি শুরু হচ্ছে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নে উল্লেখ করা হলো।

ভর্তি ফরম বিতরণ ও জমাদান শুরুঃ

১ নভেম্বর '২৫ শনিবার সকাল ০৯:০০টা

বিভিন্ন শ্রেণিতে ভর্তির বয়সসীমা:

শ্রেণি	প্লে	নার্সারি	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	পঞ্চম	ষষ্ঠ	সপ্তম
বয়স (বছর)	৪-৫	৫-৬	৬-৭	৭-৮	৮-৯	৯-১০	১০-১১	১১-১২	১২-১৩

ভর্তি সংক্রান্ত নির্দেশনা:

- ২০০/- (দুইশত) টাকা মূল্যে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।
- ভর্তি ফরম পূরণ পূর্বক কাগজপত্রসহ ফরমটি অফিসে জমা দিয়ে ভর্তি নিশ্চিতকরণ স্লিপ সংগ্রহ করতে হবে।
- ভর্তি ফরমের সাথে যা যা জমা দিতে হবে:
 - ✓ শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি ৪ কপি
 - ✓ শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি ১ কপি
 - ✓ পিতার পাসপোর্ট সাইজের ছবি ১ কপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ কপি
 - ✓ মাতার পাসপোর্ট সাইজের ছবি ১ কপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ কপি
 - ✓ ২য়-৭ম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পূর্ববর্তী প্রতিষ্ঠানের ছাড়পত্র/প্রত্যয়নপত্র ১ কপি (যদি থাকে)
 - ✓ ৭ম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।
 - ✓ একাডেমিক আবাসিক/হিফজ আবাসিক-এ ভর্তির জন্য পিতা-মাতা ছাড়াও আর দু'জনের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ছবি ১ কপি করে প্রদান করতে হবে।
- প্রতি শ্রেণিতে নির্দিষ্ট সংখ্যক আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। সেক্ষেত্রে যে সকল সম্মানিত অভিভাবক আগে আসবেন তাদের আগে ভর্তি নিশ্চিত করা হবে।
- নির্দিষ্ট আসনের বিপরীতে পর্যাপ্ত ভর্তি ফরম রয়েছে। কাজেই অফিসে এসে হুড়োহুড়ি না করে সবাইকে সুশৃঙ্খলভাবে ফরম গ্রহণ ও জমাদানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।
- কর্তৃপক্ষ নির্দেশনায় যে কোনো পরিবর্তন আনতে পারবে। সেক্ষেত্রে তা পূর্বেই ঘোষণা দেয়া হবে।


প্রিন্সিপাল